

পদত্যাগ করেছেন ঢাকা কলেজের অধ্যক্ষ-উপাধ্যক্ষ

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৪:১৩, ১২ আগস্ট ২০২৪



অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ ইউসুফ ও উপাধ্যক্ষ এ.টি.এম মইনুল হোসেন। ফাইল ফটো

শিক্ষার্থীদের আন্দোলনের মুখে ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ ইউসুফ এবং উপাধ্যক্ষ এ.টি.এম মইনুল হোসেন পদত্যাগ করেছেন।

রবিবার (১২ আগস্ট) সকালে অধ্যক্ষ এবং উপাধ্যক্ষ দুজনেই শিক্ষা মন্ত্রণালয়ের সচিব বরাব এই আবেদন জমা দেন। তবে সরকারি চাকরিজীবী হওয়ায় সরাসরি পদত্যাগ করলে চাকরি থেকে অব্যাহতি নিতে হবে। এজন্য তারা শিক্ষা মন্ত্রণালয়ে অন্যত্র বদলির আবেদন করেছেন।

অধ্যক্ষ তার আবেদনে লেখেন, ঢাকা কলেজের শিক্ষার্থীরা অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের পদত্যাগের দাবিতে আন্দোলন করছেন। ফলে কলেজের শিক্ষা কার্যক্রম চালানো দূরূহ হয়ে পড়েছে। এ পরিস্থিতিতে আমি আর ঢাকা কলেজের অধ্যক্ষ পদে দায়িত্ব পালন করতে চাচ্ছি না।

উপাধ্যক্ষ তার আবেদনে লেখেন, বর্তমান কলেজে বিদ্যমান সার্বিক পরিস্থিতির কারণে অন.
বদলি বা পদায়নের আবেদন করছি।